



মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

নাট্যদলগুলির জন্য আর্থিক অনুদান (২০২৪ - ২০২৫) নাট্য উৎসব / নতুন প্রযোজনার জন্য



পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ | পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গে নিবন্ধীকৃত সকল নাট্যদল কমপক্ষে ৩ বছর নাট্যচর্চায় যুক্ত থাকলে এই প্রকল্পে আবেদন করার যোগ্য।
দলের নিজস্ব লেটার হেডে নিম্নলিখিত তথ্যাবলিসহ পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবের কাছে আবেদন করতে হবে।

১. সংস্থার নাম:

২. পিনকোড সহ সম্পূর্ণ ঠিকানা:

৩. মেল আইডি ও ব্যাঙ্ক অ্যাকাউন্টের সঙ্গে যুক্ত মোবাইল নং:

৪. নাট্যদলটির প্রতিষ্ঠার তারিখ ও বছর:

৫. দলের ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, ব্যাঙ্ক ও শাখার নাম, আই. এফ. এস. সি. নং:

(সঙ্গে একটি বাতিল চেক দিতে হবে)

৬. রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও ২০২৩-২০২৪ আর্থিক বছরের নবীকরণের কপি জমা দিতে হবে।

৭. নাট্যদলের উদ্দেশ্য ও লক্ষ্য (প্রধানত নাট্যচর্চা হতে হবে যা মেমোর্যান্ডাম অব অ্যাসোসিয়েশন-এ স্পষ্টভাবে লেখা থাকবে (মেমোর্যান্ডাম অব অ্যাসোসিয়েশনের সার্টিফাইড কপি অবশ্যই দিতে হবে)।

৮. যে কারণে অনুদান চাওয়া হচ্ছে সেই প্রকল্পের বিস্তৃত বিবরণ, সম্ভাব্য বাজেট এবং রূপায়ণের সম্ভাব্য সময় আবেদনের সঙ্গে দিতে হবে।

৯. গত ৩ বছরের কর্মকাণ্ডের বিবরণ (ছবি, সম্ভব হলে রিভিউ ইত্যাদি সহ) জমা দিতে হবে।

১০. চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা পরীক্ষিত বিগত ৩ বছরের অডিট রিপোর্ট জমা দিতে হবে।

১১. পূর্বে পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি থেকে পাওয়া কোনো অনুদানের ইউ. সি. জমা না দেওয়া থাকলে আবেদন বাতিল হবে।
অনুদান পাওয়ার আগে রূপায়িত কোনো কাজ গ্রাহ্য হবে না।

১২. অনুদানের অর্থে রূপায়িত প্রকল্পে অবশ্যই 'পশ্চিমবঙ্গ সরকার-এর অধীন পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সহায়তায়'- কথাটি প্রচার করতে হবে।

১৩. প্রকল্প রূপায়ণের দিনক্ষণ নির্ধারিত হলে জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক / মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক এবং পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিব-কে অবহিত করতে হবে।

১৪. অনুদান গ্রহণের ৮ মাসের মধ্যে অবশ্যই প্রামাণ্য নথিসহ পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিব-এর কাছে ইউটিলাইজেশন সার্টিফিকেট পেশ করতে হবে। ই-মেইলে পাঠানো সার্টিফিকেট গ্রাহ্য হবে না। সরাসরি বা ডাক মারফত জমা দিতে হবে। ডাকযোগে পাঠানোর ক্ষেত্রে নির্ধারিত অন্তিম দিনের মধ্যেই ডাক পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির দপ্তরে পৌঁছাতে হবে।

১৫. বিগত বছরগুলিতে সরকারি নাট্যমেলায় সুযোগ পেয়েছেন কি না (এক বা একাধিকবার) সেই তথ্য দিতে হবে।

১৬. বিগত বছরগুলিতে পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির অনুদান পেয়েছেন কি না (এক বা একাধিকবার) সেই তথ্য দিতে হবে।

১৭. আবেদন পত্রের সঙ্গে যথাযথ নথি না থাকলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

আগামী ২৫.০২.২০২৫ তারিখের মধ্যে পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি, ১/১, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা- ৭০০ ০২০, এই ঠিকানায় (শনি ও রবিবার এবং সরকারি ছুটির দিন ব্যতীত) বেলা ১টা থেকে ৬টা পর্যন্ত আবেদন জমা দেওয়া যাবে। দপ্তরের নির্দিষ্ট রিসিভিং কাউন্টারে আবেদনপত্র সরাসরি বা ডাক মারফত জমা দিতে হবে। ই-মেইলে পাঠানো আবেদনপত্র গ্রাহ্য হবে না। ডাকযোগে পাঠানোর ক্ষেত্রে নির্ধারিত অন্তিম দিনের মধ্যেই ডাক পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির দপ্তরে পৌঁছাতে হবে। সকল বিষয়ে পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির যাবতীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে গ্রাহ্য হবে। অনুদান মঞ্জুর করার আগে বা পরে অনুদান প্রাপক নাট্যদলটি সম্পর্কে পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সব রকমের অনুসন্ধানের অধিকার থাকবে। শুধুমাত্র নাট্যদলের ক্ষেত্রেই এই বিজ্ঞপ্তি প্রযোজ্য।

স্বাক্ষর

সচিব, পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি